



তারিখ .. 18 . JAN . 2015 . ...  
পৃষ্ঠা .. ৪ .. কলাম .. ৪ ..

## সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ে শিক্ষামন্ত্রী 'ব্যবসায়ী' বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা

নিজস্ব প্রতিবেদক >

যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষা প্রদানের নামে ব্যবসা করছে, তাদের ডালিকা সরকারের হাতে এসেছে। আইন না মানা এমন বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। এমনটাই জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

গতকাল, শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সাউথইস্ট ইউনিভার্সিটির চতুর্থ সমাবর্তনে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, আমরা সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়কে আলাদা চোখে দেখি না। তাই বেসরকারি বিশ্ববিদ্যালয়েও গবেষণা কার্যক্রম পরিচালনায় অর্থ বরাদ্দ দেওয়া হচ্ছে। তবে বিশ্ববিদ্যালয়গুলোকেও সহনীয় ভর্তি ও টিউশন ফি নির্ধারণ করতে হবে। সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের এক হাজার ৭৯ গ্র্যাজুয়েটকে ডিগ্রি দেওয়া হয়। এর মধ্যে ২২ জনকে উপাচার্য স্বর্গপদক দেওয়া হয়। অন্যখানে সমাবর্তন বক্তা ছিলেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি ও আহুদানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির সাবেক উপাচার্য

অধ্যাপক ড. এম আনোয়ার হোসেন। আরো বক্তব্য দেন সাউথইস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. আনোয়ার হোসেন, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান রেজাউল করিম, রেজিস্ট্রার প্রিণ্ডিয়ায় জেনারেল (অব.) মো. আনোয়ারুল ইসলাম এনভিসি, পিএসসি প্রমুখ।